# মুসাফির বাংলা ইস্কুল

**HSC , UniAd , JOB , BCS**

## প্রত্যয় করি জয় !


**মুসাফির রাহাদ**
বিএ(অনার্স),এমএ( বাংলা)
ঢাকা বিশ্ববিদ্যালয়

লেকচারার (বাংলা )
মুন্সি আব্দুর অউফ কলেজ,পিলখানা বিজিবি ex
বিএএফ শাহীন কলেজ ঢাকা ex
Amicus Law Academy,Oracle BCS, S@ifurs BCS
Guardian BCS , IconPlus University Admission
Ex –UCC,Uniaid Admission Coaching

01687 600 698
YouTube - Musafir Rahad
Facebook – Musafir Rahad Sir


MUSAFIR RAHAD

শব্দের পরে বসে,নতুন অর্থ তৈরি ...

## প্রত্যয়

| | | |
|---|---|---|
| জমিদার | জমি | দার |
| বাড়িওয়ালা | বাড়ি | ওয়ালা |
| সাংসারিক | সংসার | ইক |
| পুষ্পিত | পুষ্প | ইত |
| অগ্রিম | অগ্র | ইম |
| | মূল অংশ | extra |

## বিদেশি তদ্ধিত প্রত্যয়

- ওয়ালা – ওয়ান – আনা – পনা – সা
- গর – দার – খোর- বাজ – বন্দি – সই

✓ বাড়িওয়ালা,ফেরিওয়ালা-দারওয়ান-মুন্সিয়ানা,বাবুয়ানা,বেহায়াপনা-পানসা-বাজিগর,সওদাগর-চাপাবাজ,রংবাজ-নেশাখোর,ঝালখোর- জবানবন্দি-টেকসই,জুতসই (নামসই,টিপসই প্রত্যয় নয় )

- শব্দ/ক্রিয়ার মূল অংশকে প্রকৃতি বলে।
- প্রকৃতি ২ প্রকার।
  - ১। শব্দ প্রকৃতি
  - ২। ক্রিয়া প্রকৃতি

✓ মূল অংশের/ প্রকৃতির শেষে যা যুক্ত হয় তা প্রত্যয়।
✓ প্রত্যয় ২ প্রকার।
১। কৃৎ ২। তদ্ধিত

- = শব্দ প্রকৃতি + তদ্ধিত প্রত্যয়
- = ক্রিয়া প্রকৃতি + কৃৎ প্রত্যয়

## কৃৎ প্রত্যয়

- ক্রিয়ামূল/ ধাতু / ক্রিয়া প্রকৃতি + কৃৎ প্রত্যয়
- কৃৎ প্রত্যয় ২ প্রকার
  বাংলা ও সংস্কৃত

## তদ্ধিত প্রত্যয়

- শব্দমূল/ নামমূল / প্রাতিপদিক / শব্দ প্রকৃতি + তদ্ধিত প্রত্যয়

- **তদ্ধিত প্রত্যয় ৩ প্রকার।**
  *বাংলা , তৎসম ও বিদেশি।*

## ক্রিয়ামূল/ ধাতু /ক্রিয়া প্রকৃতি

- কার্য, করণ, কারক, কর্তব্য , করণীয়, কর্তা , কর্ত্রী = কৃ
- দর্শন ,দর্শক ,দর্শনীয় ,দৃশ্য , দৃষ্টি , দৃষ্ট , দ্রষ্টব্য = দৃশ্
- শ্রবণ ,শ্রোতা , শ্রুত , শ্রুতি , শ্রাব্য , শ্রাবক = শ্রু
- সৃষ্টি , সৃষ্ট , সৃজন = সৃজ্
- মুক্তি , মুক্ত = মুচ
- নয়ন, নেতা , নায়ক , নেত্রী = নী
- জয় , জয়ী = জি
- ভজন , ভক্তি , ভক্ত = ভজ্
- গমন, গন্তব্য ,গতি, গত = গম্
- ধায়ী ,ধার্য,ধর্তব্য = ধৃ
- বচন , বক্তা, বক্তব্য , উক্ত ,উক্তি = বচ্

## প্রকৃতি ও প্রত্যয় *(তৎসম তদ্ধিত )*

১। ষ্ণ (অ)
মনু+ষ্ণ = মানব
যদু+ ষ্ণ = যাদব
হেমন্ত+ ষ্ণ = হৈমন্ত
রঘু+ ষ্ণ = রাঘব
বিধি+ ষ্ণ = বৈধ
দনু+ ষ্ণ = দানব
শক্তি+ ষ্ণ = শাক্ত
ভরত+ষ্ণ= ভারত
পুত্র+ ষ্ণ = পৌত্র
লঘু+ ষ্ণ = লাঘব

২। ষ্ণি (ই),
দশরথ+ই = দাশরথি
সুমিত্রা+ই = সৌমিত্রি
রাবণ+ই = রাবণি

৩। ষ্ণিক ইক
বেদ+ষ্ণিক = বৈদিক
সমুদ্র+ষ্ণিক =সামুদ্রিক
দিন+ ষ্ণিক = দৈনিক
বর্ষ+ ষ্ণিক = বার্ষিক

৪। ইমন্ -প্রত্যয় : ইমা
গুরু+ইমন = গরিমা
নীল+ ইমন = নীলিমা
মহৎ+ ইমন = মহিমা
দীর্ঘ+ ইমন = দ্রাঘিমা

৫। ঈন
বিশ্বজন+ঈন= বিশ্বজনীন
সর্বজন+ঈন = সার্বজনীন

৬। ঈয়
বর্গ+ঈয় = বর্গীয়
মানব+ঈয় = মানবীয়
ভারত+ঈয় = ভারতীয়
দেশ+ঈয় = দেশীয়
স্বর্গ+ঈয় = স্বর্গীয়
ইউরোপ+ঈয় = ইউরোপীয়

৭। ষ্ণেয় (এয়) প্রত্যয়
গঙ্গা+ষ্ণেয় =গাঙ্গেয়
ভগিনী+ষ্ণেয় =ভাগিনেয়
অতিথি+ষ্ণেয়=আতিথেয়
অগ্নি+ষ্ণেয় = আগ্নেয়
পথ+ষ্ণেয় = পাথেয়

৮। য
দন্ত+য = দন্ত্য
মূর্ধন+য = মূর্ধন্য
অন্ত+য = অন্ত্য
ওষ্ঠ+য = ঔষ্ঠ্য, ওষ্ঠ্য
ধীর+য = ধৈর্য
চতুর+য = চাতুর্য
প্রচুর+য = প্রাচুর্য
প্রচুর+য = প্রাচুর্য
মধুর+য =মাধুর্য
সুভগ+য = সৌভাগ্য
মানুষ+য = মনুষ্য

৯। বতুপ্ (বৎ, বান)
ধন+বতুপ্ = ধনবান
জ্ঞান+ বতুপ্ = জ্ঞানবান
বল+ বতুপ্ = বলবান
বিদ্যা+ বতুপ্ = বিদ্যাবান

১০। বিন্ (বী)-প্রত্যয় :
মেধা+বিন্ = মেধাবী
মায়া+ বিন্ = মায়াবী
তেজঃ+ বিন্ = তেজস্বী
তপস+ বিন্ = তপস্বী
যশঃ+ বিন্ = যশস্বী

| শব্দের শেষ | তৎসম কৃৎ প্রত্যয় | প্রকৃতি + প্রত্যয় |
|---|---|---|
| অন | অনট / অন | বচন = দর্শন শ্রবণ নয়ন |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

MUSAFIR RAHAD SIR B.A.M.A.(Bengali).DU 01687 600 698

MUSAFIR RAHAD B.A,M.A.(Bengali),University Of Dhaka
Lecturer (GUARDIAN BCS, S@ifurs BCS, IconPlus, Ex- BAF Shaheen College,BMARPC,Oracle BCS,UCC) 01687600698

# প্রকৃতি ও প্রত্যয়

⇨ প্রকৃতি: শব্দের মূল হল প্রাতিপদিক। ক্রিয়ার মূল হল ধাতু। এই ধাতু /প্রাতিপদিকই হল প্রকৃতি। প্রকৃতি দুপ্রকার:

১. নাম প্রকৃতি ২. ক্রিয়া প্রকৃতি।

⇨ ১. নাম প্রকৃতি: নাম শব্দের মূলকে প্রাতিপদিক বা নাম প্রকৃতি বলে। যেমন- ঢাকা + আই = ঢাকাই। এখানে ঢাকা হল নাম প্রকৃতি।

⇨ ২. ক্রিয়া প্রকৃতি: ক্রিয়ার মূলকে বলা হয় ধাতু। আর এই ধাতুর সঙ্গে পুরুষ ও কালবাচক বিভক্তি যোগ করে গঠন করা হয় ক্রিয়াপদ। এই ক্রিয়ামূল বা ধাতুকে বলা হয় ক্রিয়া প্রকৃতি। যেমন-

√চল্ + অন্ত = চলন্ত। এখানে 'চল' ক্রিয়াপ্রকৃতি। ক্রিয়াপ্রকৃতির অপর নাম ধাতু বলে ক্রিয়াপ্রকৃতির বোঝাবার জন্য এর উপর (√) চিহ্ন ব্যবহৃত হয়। একে ধাতু প্রকাশক চিহ্ন বলে।

⇨ **প্রত্যয়**: প্রকৃতি বা শব্দমূলের পরে যে সব অর্থহীন বর্ণ বা বর্ণসমষ্টি যুক্ত হয়ে নতুন নতুন অর্থবোধক শব্দ গঠন করে, সে সব অর্থহীন বর্ণ বা বর্ণসমষ্টি গুলোকে প্রত্যয় বলে। যেমন-

→ খা – অন = খাওন → দুল + অন = দোলন → লাজ্ + উক = লাজুক।

এখানে অন, অনা, উক ইত্যাদি প্রত্যয়ের উদাহরণ।

■■ ইৎ: প্রকৃতি ও প্রত্যয় যোগ হয়োর ফলে প্রত্যয়ান্ত শব্দে প্রত্যয়ের যে বর্ণ লোপ পায় তাকে 'ইৎ' বলে। যেমন- পচ্ + ণক = পাচক। এখানে প্রত্যয় 'ণক' এবং 'ণ' ইৎ হয়েছে।

■উপধা: ধাতুর অন্ত ধ্বনির পূর্ববর্তী ধ্বনিকে উপধা বলে। যেমন- পচ্ = প্ + অ + চ। এখানে 'অ' উপধা।

উপসর্গযোগে গঠিত শব্দে প্রকৃতির আগে ড্যাস (-) চিহ্ন বসে। যেমন-অ-√ জান্ + আ = অজানা। বি + √ ধা + তৃচ্ = বিধাতা।

## ✦ প্রত্যয় দুপ্রকার। যথা-

## ১. কৃৎ প্রত্যয়

## ২. তদ্ধিত প্রত্যয়

⇨ ১. কৃৎ প্রত্যয়: ক্রিয়াপ্রকৃতি বা ধাতুর পরে যে প্রত্যয় যুক্ত হয়, তাকে কৃৎ প্রত্যয় বলে। যেমন-
√মিল + আই = মিলাই; √ডুব + অন্ত = ডুবন্ত
এখানে আই এবং অন্ত হল কৃৎ প্রত্যয়।
কৃৎ প্রত্যয় দুপ্রকার। যথা- ০১. খাঁটি বাংলা, ও ০২. সংস্কৃত কৃৎ প্রত্যয়
খাঁটি বাংলায় কৃৎ প্রত্যয়
০/ শূন্য, অ, অন, অনা, অনি, অন্ত, অক, আ, আন, আনি, আরি, আল, আই, আও, ই, ইয়, উ, উয়া, তা, তি, না।

১। অন > ওন

| | | |
|---|---|---|
| √ কাঁদ্+অন = কাঁদন | √নাচ্+অন = নাচন | √বাঁধ্+অন = বাঁধন |
| √ যা+অন = যাওন | √ চল্+অন = চলন | √ঝুল্+অন = ঝুলন |

২। অনা > না

| | | |
|---|---|---|
| √ খেল্+অনা = খেলনা | √কাঁদ্+অনা = কান্না | √রাঁধ্+অনা=রান্না |
| √ ঝর্+অনা = ঝরনা | √ দুল্+অনা = দোলনা | |

৩। অনী > উনী > নী; অনি > উনি > নি
√ রাঁধ্+অনী = রাঁধনী > রাঁধুনী > রাঁধুনি
√ কাঁদ্+অনী = কাঁদনী > কাঁদুনী > কাঁদুনি
√ চির্+অনী = চিরনী > চিরুনী > চিরুনি
√ চাল্+অনী = চালনী > চালুনী > চালুনি

৪। অন্ত

| | | |
|---|---|---|
| √ জী+অন্ত = জ্যান্ত<br>√ ফল্+অন্ত = ফলন্ত | √ ভাস্+অন্ত = ভাসন্ত<br>√ উড়্+অন্ত = উড়ন্ত | √ ফুট্+অন্ত = ফুটন্ত<br>√ উঠ্+অন্ত = উঠন্ত |

৫। অতা > তা

| | |
|---|---|
| √ পড়্+তা = পড়তা | √বহ্+তা = বহতা |

৬। অতি > তি

| | | |
|---|---|---|
| √উঠ্+তি = উঠতি<br>√ভর্+তি = ভরতি | √ চল্+তি = চলতি<br>√ কাট্+তি = কাটতি | √ ঘাট্+তি = ঘাটতি<br>√বাড়্+তি =বাড়তি |

৭। আ

| | | |
|---|---|---|
| √ধর্+আ = ধরা<br>√বল্+আ = বলা<br>√হাস্+আ = হাসা<br>√বাঁধ্+আ = বাঁধা | √ রাঁধ্+আ = রাঁধা<br>√ কাঁদ্+আ = কাঁদা<br>√ নাচ্+আ = নাচা<br>√ খা+আ = খাওয়া | √ বুন্+আ = বোনা<br>√খা+আ = খাওয়া<br>√শী + আ = শোয়া<br>√ শুন্+আ = শোনা |

৮। আরী > আরি; উরী > উরি
√ ডুব্+আরী = ডুবারী >ডুবারি > ডুবুরি
√ ধুন্+আরী = ধুনারী >ধুনারি, ধুনুরী > ধুনুরি
√ পূজ্+আরী = পূজারী > পূজারি

৯। ই

| | |
|---|---|
| √হাস্+ই = হাসি<br>√ভাজ্+ই = ভাজি | √ ছুট্+ই = ছুটি<br>√ ডুব্+ই = ডুবি |

## সংস্কৃত কৃৎ প্রত্যয়

**অনট, ক্ত, ক্তি, তৃচ, তব্য, অনীয়, নিন, ইন, অল, ইষ্ণু, রব, র, নক, উক, ঘ্যাণ, য, শানচ, ঘঞ।**

১। অক (ণক)

| | | |
|---|---|---|
| √ কৃ+অক = কারক<br>√ নী+অক = নায়ক | √ গৈ+অক = গায়ক<br>√ পঠ্+অক = পাঠক | √ হন্+অক = ঘাতক<br>√ দৃশ্+অক = দর্শক |

MUSAFIR RAHAD B.A,M.A.(Bengali),University Of Dhaka
Lecturer (GUARDIAN BCS, S@ifurs BCS, IconPlus, Ex- BAF Shaheen College,BMARPC,Oracle BCS,UCC) 01687600698

MUSAFIR RAHAD

২। অন্ (অনট, ল্যুট, যুচ)

| | | |
|---|---|---|
| √ নী+অন = নয়ন | √ চল্+অন = চলন | √ শ্রু+অন = শ্রবণ |
| √ ভুজ্+অন = ভোজন | √ পূ+অন = পবন | √ ভক্ষ্+অন = ভক্ষণ |
| √ ছিদ্+অন = ছেদন | √ দৃশ্ +অন = দর্শন | অধি+√ই+অন = অধ্যয়ন |

৩। অনীয় (অনীয়)

| | |
|---|---|
| √ পা+অনীয় = পানীয় | √ কৃ+অনীয় = করণীয় |
| √ স্মৃ+অনীয় = স্মরণীয় | √ রম্+অনীয় = রমণীয় |
| √ দৃশ্+অনীয় = দর্শনীয় | √ পাল্+অনীয় = পালনীয় |
| √ রক্ষ্+অনীয় = রক্ষণীয় | √প্র+অর্থি+অনীয় = প্রার্থনীয় |
| √ মন্+অনীয় = মননীয় | √ ছিদ্+অনীয় = ছেদনীয় |
| √ সেব্+অনীয় = সেবনীয় | √পূজ্+অনীয় = পূজনীয় |
| √ শুচ্+অনীয় = শোচনীয় | √ শ্রু+অনীয় = শ্রবণীয় |

৪। ইন্ (ইনি, ণিনি, ঘিনুণ)

| | | |
|---|---|---|
| √ জি+ইন = জয়ী | √ শ্রম্+ইন = শ্রমী | সত্য+√ বদ্+ইন = সত্যবাদী |
| √ স্থা+ইন = স্থায়ী | √ রনজ্+ইন = রাগী | |

৫। ক্ত-প্রত্যয় ('ক' ইৎ 'ত' থাকে.

| | | |
|---|---|---|
| √ খ্যা+ক্ত = খ্যাত | √ জ্ঞা+ক্ত = জ্ঞাত | √ লুপ্+ক্ত = লুপ্ত |
| √বচ্+ক্ত = উক্ত | √দহ্+ক্ত = দগ্ধ | √ হন্+ক্ত = হত |
| √ লভ্+ক্ত = লব্ধ | √গাহ্+ক্ত = গাঢ় | √ জন্+ক্ত = জাত |
| √ বুধ্+ক্ত = বুদ্ধ | √ভুজ্+ক্ত = ভুক্ত | √ জৄ+ক্ত = জীর্ণ |
| √ পচ্+ক্ত =পক্ব | √হৃষ্+ক্ত = হৃষ্ট | √ নন্দি+ক্ত =নন্দিত |
| √ ভজ্+ক্ত =ভক্ত | √শম্+ক্ত = শান্ত | √ রক্ষ্+ক্ত = রক্ষিত |
| √ সৃজ্+ক্ত = সৃষ্ট | √গম্+ক্ত = গত | √গ্রন্থ্+ক্ত = গ্রথিত |
| √ছিদ্+ক্ত = ছিন্ন | √পঠ্+ক্ত = পঠিত | |

৬। তব্য (তব্যৎ)

| | | |
|---|---|---|
| √ দা+তব্য = দাতব্য | √গম্+তব্য =গন্তব্য | √ বচ্+তব্য = বক্তব্য |

[

৭। তি (ক্তি) >নি

| | | |
|---|---|---|
| √ গম্+তি = গতি | √ভজ্+তি = ভক্তি | √কৃত্+তি = কীর্তি |
| √ সৃজ্+তি = সৃষ্টি | √খ্যা+তি = খ্যাতি | √ জন্+তি = জাতি |
| √ মন্+তি = মতি | √শুধ্+তি = শুদ্ধি | √ বচ্+তি = উক্তি |
| √ গৈ+তি = গীতি | √শক্+তি = শক্তি | √ ক্লম্+তি = ক্লান্তি |
| √ দৃশ্+তি = দৃষ্টি | √বুধ্+তি = বুদ্ধি | √শম্+তি = শান্তি |

৮। (তৃন্, তৃচ্) > তা, ইতৃ, ইতা, স্ত্রীলিঙ্গে 'ত্রী'

| | |
|---|---|
| √ পা+তৃচ = পিতৃ | √মা+তৃচ = মাতা, মাতৃ |
| √ দা+তৃচ = দাতৃ, দাতা | √কৃ+তৃচ+ঈ = কর্ত্রী |
| √ নী+তৃচ = নেতা, নেতৃ | √নী+তৃচ+ঈ = নেত্রী |
| √ যুধ্+তৃচ = যোদ্ধা | √সৃজ্+তৃচ = স্রষ্টা |
| √ বচ্+তৃচ = বক্তা | √গ্রহ+তৃচ= গ্রহীতা |

৯। বর (বরচ্, ক্বরপ)-

| | |
|---|---|
| √ নশ্+বর = নশ্বর | √ভাস্+বর = ভাস্বর |
| √ যাযা+বর =যাযাবর | √চত্+বর = চত্বর |

১০। য (ক্যপ্, ণ্যৎ, যৎ)

| | | |
|---|---|---|
| √ দৃশ্+য = দৃশ্য | √সৃ+য = সূর্য | √দা+য = দেয় |
| √ ধৃ+য = ধার্য | √হস্+য = হাস্য | √ সহ্+য = সহ্য |
| √ কৃ+য = কার্য | √বহ্+য = বাহ্য | √ গদ্+য = গদ্য |
| √ বিদ্+য =বেদ্য | √লভ্+য = লভ্য | |

১১। র

| | | |
|---|---|---|
| √ নম্+ র = নম্র | √দীপ্+র = দীপ্র | √সু+র = সুর |
| √ শুক্+র = শুক্র | | √ শুচ্+র = শুদ্র |

# তদ্ধিত প্রত্যয়

⇨ *তদ্ধিত প্রত্যয় শব্দের সঙ্গে যুক্ত হয়। তদ্ধিত প্রত্যয় তিন প্রকার। যথা-*

*১. বাংলা তদ্ধিত প্রত্যয়*

*২. বিদেশি তদ্ধিত প্রত্যয়*

*৩. সংস্কৃত তদ্ধিত প্রত্যয়*

বাংলা তদ্ধিত প্রত্যয়

১। অট>ট, টা, টি, টী

দাপ +ট = দাপট জমা + ট = জমাট

ভরা + ট = ভরাট এক +টা = একটা

২। আই

বামন +আই = বামনাই চোর +আই = চোরাই

মিঠা +আই = মিঠাই চড়া +আই = চড়াই

নিম +আই = নিমাই নন্দা +আই = নন্দাই

ধান +আই = ধানাই মান +আই = মানাই

বোন +আই = বোনাই নিতা +আই = নিতাই

৩। ইয়া > এ

জাল +ইয়া = জালিয়া>জেলে

শহর +ইয়া = শহরিয়া, শহুরে

বেগুন +ইয়া = বেগুনিয়া>বেগুনে

উত্তর +ইয়া = উত্তরিয়া>উত্তরে

মাটি +ইয়া = মাটিয়া > মেটে

বালি +ইয়া = বালিয়া > বেলে

পাথর +ইয়া = পাথরিয়া > পাথুরে

হলুদ+ইয়া = হলুদিয়া > হলদে

মা +ইয়া = মাইয়া > মেয়ে

৪। উয়া > ও

গাছ+উয়া = গাছুয়া > গাউছ্যা > গেছো

বন+উয়া = বনুয়া > বউন্যা > বুনো

মাঠ+উয়া = মাঠুয়া > মাউঠ্যা > মেঠো

ঝড়+উয়া = ঝড়ুয়া > ঝউড়া > ঝড়ো

ঘর+উয়া = ঘরন্নয়া > ঘ'রো

বাত + উয়া = বাতুয়া > বেতো

MUSAFIR RAHAD B.A,M.A.(Bengali),University Of Dhaka
Lecturer (GUARDIAN BCS, S@ifurs BCS, IconPlus, Ex- BAF Shaheen College,BMARPC,Oracle BCS,UCC) 01687600698

MUSAFIR RAHAD

# সংস্কৃত তদ্ধিত প্রত্যয়

১। ষ্ণ (অ)

মনু+ষ্ণ = মানব　　দনু+ ষ্ণ = দানব
যদু+ ষ্ণ = যাদব　　শক্তি+ ষ্ণ = শাক্ত
হেমন্ত+ ষ্ণ = হৈমন্ত　　ভরত+ ষ্ণ = ভারত
রঘু+ ষ্ণ = রাঘব　　পুত্র+ ষ্ণ = পৌত্র
দুহিত+অ = দৌহিত্র　　গুরন্ন+ষ্ণ = গৌরব
বিধি+ ষ্ণ = বৈধ　　লঘু+ ষ্ণ = লাঘব
প্রজ্ঞ+ ষ্ণ = প্রাজ্ঞ　　যুবন+ ষ্ণ = যৌবন
সূর+ ষ্ণ = সৌর　　তপঃ+ ষ্ণ = তাপস

২। ষ্ণি (ই), -প্রত্যয় অপত্য অর্থে

দশরথ+ই = দাশরথি　　সুমিত্রা+ই = সৌমিত্রি
রাবণ+ই = রাবণি

৩। ষ্ণিক (ইঅ.-প্রত্যয়

বেদ+ষ্ণিক = বৈদিক　　সমুদ্র+ ষ্ণিক =সামুদ্রিক
দিন+ ষ্ণিক = দৈনিক　　বর্ষ+ ষ্ণিক = বার্ষিক
লোক+ ষ্ণিক = লৌকিক　　সমাজ+ ষ্ণিক = সামাজিক
মাস+ ষ্ণিক = মাসিক
নগর+ ষ্ণিক = নাগরিক　　বিজ্ঞান+ ষ্ণিক = বৈজ্ঞানিক
ধর্ম+ ষ্ণিক = ধার্মিক　　নীতি+ ষ্ণিক = নৈতিক
হেমন্ত+ ষ্ণিক = হৈমন্তিক　　যোগ+ ষ্ণিক = যৌগিক
কল্পনা+ ষ্ণিক = কাল্পনিক　　কায়া+ ষ্ণিক = কায়িক

৪। ইমন্ -প্রত্যয় : বিশেষ্য গঠনে

গুরন্ন+ইমন = গরিমা　　নীল+ ইমন = নীলিমা
মহৎ+ ইমন = মহিমা　　দীর্ঘ+ ইমন = দ্রাঘিমা
রক্ত+ ইমন = রক্তিমা　　লঘু+ ইমন = লাঘিমা
লাল+ ইমন = লালিমা　　কাল+ ইমন = কালিমা

৫। ঈন (খ, ঞ)

বিশ্বজন+ঈন = বিশ্বজনীন　　সর্বজন+ঈন = সার্বজনীন

৬। ঈয় (ষ্ণীয়, ছ)

বর্গ+ঈয় = বর্গীয়　　মানব+ঈয় = মানবীয়
জিহবামূল+ঈয় = জিহবামূলীয়　　ভারত+ঈয় = ভারতীয়
দেশ+ঈয় = দেশীয়　　স্বর্গ+ঈয় = স্বর্গীয়
ইউরোপ+ঈয় = ইউরোপীয়

৭। ষ্ণেয় (এয়) প্রত্যয়

গঙ্গা+ষ্ণেয় =গাঙ্গেয়　　ভগিনী+ষ্ণেয় =ভাগিনেয়
অতিথি+ষ্ণেয় = আতিথেয়　　অগ্নি+ষ্ণেয় = আগ্নেয়
পথ+ষ্ণেয় = পাথেয়

৮। য (ষ্ণ্য, ণ্য, ষ্যঞ, যৎ, যক)

দন্ত+য = দন্ত্য　　মূর্ধন+য = মূর্ধন্য
অন্ত+য = অন্ত্য　　ওষ্ঠ+য = ঔষ্ঠ্য, ওষ্ঠ্য
দিতি+য = দৈত্য　　বন+য = বন্য
ছেদ+য = ছেদ্য　　গো+য = গব্য
ধন+য = ধন্য　　গ্রাম+য = গ্রাম্য
কঠিন+য = কাঠিন্য　　ধর্ম+য = ধর্ম্য
চোর+য = চৌর্য　　কবি+য = কাব্য
নব+য = নব্য　　নৌ+য = নাব্য
ধীর+য = ধৈর্য　　চতুর+য = চাতুর্য
প্রচুর+য = প্রাচুর্য　　প্রচুর+য = প্রাচুর্য
মধুর+য =মাধুর্য　　সুভগ+য = সৌভাগ্য
মানুষ+য = মনুষ্য

৯। বতুপ্ (বৎ, বান্)

ধন+বতুপ্ = ধনবান　　জ্ঞান+ বতুপ্ = জ্ঞানবান
বল+ বতুপ্ = বলবান　　বিদ্যা+ বতুপ্ = বিদ্যাবান

১০। বিন্ (বী)-প্রত্যয় : আছে অর্থে বিশেষণ গঠনে

মেধা+বিন্ = মেধাবী　　মায়া+ বিন্ = মায়াবী
তেজঃ+ বিন্ = তেজস্বী　　তপস+ বিন্ = তপস্বী
যশঃ+ বিন্ = যশস্বী

## প্রশ্ন ও সমাধান

০১. দুঃখ+ইত=দুঃখিত, কোন প্রত্যয়যোগে গঠিত শব্দ?
অ. বাংলা কৃৎ প্রত্যয়　ই. সংস্কৃত কৃৎ প্রত্যয়
ঈ. বাংলা তদ্ধিত প্রত্যয়　উ. সংস্কৃত তদ্ধিত প্রত্যয়
ঊ. বিদেশি তদ্ধিত প্রত্যয়

০২. 'রন্নশীয় সমাজে এর প্রচলন লক্ষ করা যায়।'-এ বাক্যে কী ধরনের অপপ্রয়োগ ঘটেছে?
অ. সন্ধিজাত　ই. প্রত্যয়জাত
ঈ. বানানগত　উ. তথ্যগত

০৩. 'চলনসই' শব্দের 'সই'-
অ. বাংলা কৃৎ প্রত্যয়　ই. বাংলা তদ্ধিত প্রত্যয়
ঈ. সংস্কৃত কৃৎ প্রত্যয়　উ. বিদেশি তদ্ধিত প্রত্যয়

০৪. 'প্রত্যয়' এর মূল পরিবর্তিত হলে 'প্রকৃতি'তে কী হয়?
অ. ইৎ　ই. গুণ
ঈ. বৃদ্ধি　উ. সম্প্রসারণ

০৫. 'দুগ্ধ' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি?
অ. √দুক্ + হ　ই. √দুক্ + ধ
ঈ. √দুহ্ + ত　উ. √দুহ্ + ধ

০৬. 'বান্ধব' শব্দের প্রকৃতি ও প্রত্যয়-]
অ. বন্ধ + অ　ই. বন্ধ + ষ্ণ
ঈ. বন্ধু + অ　উ. বন্ধু + ব্য

০৭. প্রত্যয়গতভাবে শুদ্ধ কোন্টি?
অ. উৎকর্ষতা　ই. উৎকর্ষ
ঈ. উৎকৃষ্ট　উ. উৎকৃষ্টতা

০৮. 'বার্ষিক' শব্দটি ব্যাকরণের কোন নিয়মে গঠিত?
অ. সন্ধিযোগে　ই. সমাসযোগে
ঈ. উপসর্গযোগে　উ. প্রত্যয়যোগে

০৯. কৎ প্রত্যয়যোগে গঠিত শব্দ কোন্টি? ]
অ. বাগ্মী　ই. রচনা
ঈ. মহিমা　উ. মেছো

১০. 'সৃষ্টি'এর প্রকৃতি-প্রত্যয়-
অ. সৃজ্ + তি　ই. সৃশ্ + তি
ঈ. সৃষ্ + টি　উ. স্রী + ষ্টি

১১. 'প্রতিযোগিতা' শব্দটিতে প্রত্যয় রয়েছে-
অ. ১টি　ই. ২টি
ঈ. ৩টি　উ. নেই

১২. 'গৌরব' শব্দের প্রকৃতি-প্রত্যয় কী?
অ. গুরন্ন +অব　ই. গুরন্ন +ষ্ণ
ঈ. গৌর + ব　উ. গৌ+রব

১৩. 'কাঁদ + অন' - কোন প্রত্যয়ের নির্দশন?
অ. সংস্কৃত কৃৎ　ই. বাংলা তদ্ধিত
ঈ. বাংলা কৃৎ　উ. সংস্কৃত তদ্ধিত

১৪. কোনটি তদ্ধিত প্রত্যয়?
অ. চলন্ত　ই. ঢাকাই
ঈ. নিভন্ত　উ. পাচক

১৫. কোনটি তদ্ধিত প্রত্যয় যোগে গঠিত?
অ. কাঁদন　ই. চলন্ত
ঈ. ঝাঁকানি　উ. নাচন　ঊ. দোকানি

১৬. স্বরধ্বনির পরিবর্তন সংক্রান্ত গুণ, বৃদ্ধি ও সম্প্রসারণ− কে একত্রে বলে−
অ.অপশ্রন্নতি　ই.অপঋদ্ধি　ঈ.ত্রিশ্রন্নতি
উ.ত্রিগুণা

১৭. প্রত্যয় ও বিভক্তিহীন নাম শব্দকে বলে−
অ.ধাতু　ই.নাম-প্রকৃতি　ঈ.প্রাতিপদিক　উ.প্রত্যয়

১৮. 'মাতা' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?
অ.মা+তৃচ্　ই.মা+আতা
ঈ.মাতৃ+আ　উ.মার্তৃ+তৃচ্

MUSAFIR RAHAD

১৯. বিভক্তিহীন নামশব্দকে বলে–
অ.ধাতু ই.পদাশ্রিত নির্দেশক
ঈ.প্রকৃতি উ.প্রাতিপদিক

২০. প্রকৃতি ও প্রত্যয় অনুযায়ী 'ভূষণ' শব্দের গঠন প্রক্রিয়া কোনটি?
অ.√ভৌ+অন ই.√ভূষ+অন
ঈ.√ভূ+অন উ.√ভব+অন

২১. কোন শব্দটি প্রত্যয় যোগে গঠিত?
অ.নির্ভয় ই.ভনভন ঈ.ভাবার্থ
উ.ভৌগোলিক ঊ. ভালোমন্দ

২২. সংস্কৃত তদ্ধিত প্রত্যয় কোনটি?
অ.ভাস্কর্য ই.মন্ত্রণা ঈ.সৃষ্টি উ.কার্য

২৩. 'মনুষ্য' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়–
অ.মানব+ষ্ণ্য ই.মানব+ইষ্ণ ঈ.মনুষ+ষ্ণ্য
উ.মনু+ষ্ণ

২৪. প্রত্যয় যুক্ত হয়
অ.শব্দের আগে ই.শব্দের পরে
ঈ.ধাতুর পরে উ.খ ও গ

২৫. 'মেছো' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
অ.মাছ + ও ই.মেছ + ও
ঈ.মাছি + উয়া > ও উ.মাছ + উয় > ও

২৬. সংস্কৃত কৃৎ প্রত্যয় কোনটি?
অ.পাওনা ই.পরিব্রাজক ঈ.ডুবুরী উ.নাচন

২৭. বাংলা কৃৎ প্রত্যয় কত প্রকার?
অ.দুই ই.তিন ঈ.চার উ.পাঁচ

২৮. 'রক্ত' শব্দের প্রকতি প্রত্যয় কোনটি?
অ.রক্ + ত ই.রনজ্ + ত
ঈ.রন্নধ্ + ত উ.শোণিত + ত

২৯. 'জাগরিত' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
অ.জাগৃ + ত ই.জাগৃ + রিত
ঈ.জাগ্ + ত উ.জাগৃ + ইত

৩০. 'গন্তব্যের' প্রকৃতি ও প্রত্যয়–
অ.গম্ + তব্য ই.গন + তব্য
ঈ.গন্ত + ব্য উ.গ + অন্তব্য

৩১. 'বুদ্ধি' শব্দটি সঠিক প্রকৃতি ও প্রত্যয়–
অ. বুদ্+ধিই. বুধ+দি
ঈ. বুধ্+তিউ. বুদ্ধ-ই

৩২. 'জাগরূক' শব্দটি ধাত ও প্রত্যয়যোগে সৃষ্ট হয়েছে এভাবে
অ. জাগ+রূক ই. জাগৃ+উক
ঈ. জাগ্র+উক উ. জাগর+উক

৩৩. কোনটি প্রত্যয়যুক্ত শব্দের উদাহরণ নয়–
অ. সাংবাদিক ই. ঘরবাড়ি
ঈ. হতভাগিনী উ. প্রাণী

৩৪. বিদেশি প্রত্যয়যুক্ত শব্দ কোনটি?
অ. বাঁদরামি ই. অংশীদার
ঈ. কর্তব্য উ. বাছাই

৩৫. উপসর্গের সঙ্গে পত্যয়ের পার্থক্য কী?
অ. শব্দ গঠনে ই. অব্যয় ও শব্দাংশে
ঈ. উপসর্গ থাকে শব্দের সামনে, প্রত্যয় থাকে শব্দের পিছনে
উ. কোনটিই নয়

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | উ | ০২ | ই | ০৩ | উ | ০৪ | অ | ০৫ | ঈ |
| ০৬ | ঈ | ০৭ | ই | ০৮ | উ | ০৯ | ই | ১০ | অ |
| ১১ | অ | ১২ | ই | ১৩ | ঈ | ১৪ | ই | ১৫ | উ |
| ১৬ | অ | ১৭ | ঈ | ১৮ | অ | ১৯ | উ | ২০ | ই |
| ২১ | উ | ২২ | অ | ২৩ | উ | ২৪ | উ | ২৫ | অ |
| ২৬ | ই | ২৭ | অ | ২৮ | ই | ২৯ | উ | ৩০ | অ |
| ৩১ | ঈ | ৩২ | ই | ৩৩ | ই | ৩৪ | ই | ৩৫ | ঈ |

MUSAFIR RAHAD

MUSAFIR RAHAD B.A,M.A.(Bengali),University Of Dhaka
Lecturer (GUARDIAN BCS, S@ifurs BCS, IconPlus, Ex- BAF Shaheen College,BMARPC,Oracle BCS,UCC) 01687600698